গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ১৬০

**রাজশাহীতে দশ দিনব্যাপী বিসিক উদ্যোক্তা মেলার সমাপনী অনুষ্ঠিত**

রাজশাহী; ২৫ অগ্রহায়ণ (১০ ডিসেম্বর):

আজ বুধবার (১০ ডিসেম্বর) বিকালে রাজশাহী মুক্তমঞ্চ সংলগ্ন মাঠে দশ দিনব্যাপী বিসিক উদ্যোক্তা মেলা- ২০২৫ এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে। রাজশাহী জেলা প্রশাসনের সহযোগিতায় মেলার আয়োজন করে বিসিকের জেলা কার্যালয়। সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক মো. মহিনুল হাসান।

সভাপতির বক্তৃতায় অতিরিক্ত জেলা প্রশাসক বলেন, এটি একটি শুধু মেলা প্রাঙ্গণ নয়, এটি এমন একটি প্ল্যাটফর্ম যেখানে উদ্যোক্তা, ক্রেতা এবং ভবিষ্যৎ উদ্যোক্তাদের একটি মিলন মেলা বসে। এই মেলা দশ দিনের হলেও এর মাধ্যমে জেলা প্রশাসন এবং বিসিকের সাথে উদ্যোক্তাদের যে সম্পর্ক তৈরি হয় সেই সম্পর্কটা সারাবছর কাজে আসবে এবং উদ্যোক্তাদের কাজকে আরও সহজ করে দিবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন পুলিশ সুপার মোহাম্মদ নাঈমুল হাছান, বিসিকের আঞ্চলিক পরিচালক মো. শফিকুল ইসলাম, বিসিকের জেলা কার্যালয়ের উপমহাব্যবস্থাপক মো. রফিকুল ইসলাম, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজর সভাপতি মাসুদুর রহমান রিংকু, বিসিকের বিপণন বিভাগের বিপণন বিশ্লেষক রাকেশ রঞ্জন নাগ এবং নাসিব জেলা শাখার সভাপতি মো. শফিকুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিসিক জেলা কার্যালয়ের শিল্পনগরী কর্মকর্তা মো. আনোয়ারুল আজিম।

বক্তাগণ বলেন, বিসিক দেশের ৬৪ জেলায় মেলা করে এই কারণে অনেক নতুন নতুন পণ্যের পরিচিতি বাড়ে এবং নতুন নতুন উদ্যোক্তা তৈরি হয়। এবছর মেলায় অনেক লোকসমাগম দেখা গিয়েছে। মেলায় ৪০ লাখ টাকার উর্ধ্বে পণ্য বিক্রি হয়েছে। যে উদ্দেশ্য নিয়ে এই মেলা অনুষ্ঠিত হয়েছিল আমরা আশা করছি সেই উদ্দেশ্য সফল হয়েছে।

মেলায় মোট ৭০ টি স্টল অংশগ্রহণ করে এরমধ্যে প্রথম স্থান অর্জন করে সাজিয়া ন্যাচারাল কেয়ার, দ্বিতীয় স্থান অর্জন করে বাংলা টেরাকৌটা এবং তৃতীয় স্থান অর্জন করে জান্নাত ফ্রুটস। অনুষ্ঠান শেষে বিজয়ী স্টলের স্বত্বাধিকারীদের হাতে ক্রেস্ট ও সনদ তুলে দেওয়া হয়।

..............................................................

রুহুল/তৌহিদ/স্মিতা/আলীম/২০২৫/১৭:২০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd